# শারহুল আক্বীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ২১. সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বে কোনো কিছুই তার কাছে গোপন ছিল না। এমনি সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বেই তাদের সৃষ্টির পরবর্তীকালের কার্যকলাপ সম্পর্কে তিনি অবহিত ছিলেন (وَلَمْ يَخْفَ عَلَيْهِ شَيْءٌ قَبْلَ أَنْ يَخْلُقَهُمْ وَعَلِمَ مَا هُمْ عَامِلُونَ قَبْلَ أَنْ يَخْلُقَهُمْ)

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

---

সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বে কোনো কিছুই তার কাছে গোপন ছিল না। এমনি সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বেই তাদের সৃষ্টির পরবর্তীকালের কার্যকলাপ সম্পর্কে তিনি অবহিত ছিলেন।

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন,

**وَلَمْ يَخْفَ عَلَيْهِ شَيْءٌ قَبْلَ أَنْ يَخْلُقَهُمْ وَعَلِمَ مَا هُمْ عَامِلُونَ قَبْلَ أَنْ يَخْلُقَهُمْ**

সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বে কোনো কিছুই তার কাছে গোপন ছিল না। এমনি সৃষ্টিজগৎ সৃষ্টির পূর্বেই তাদের সৃষ্টির পরবর্তীকালের কার্যকলাপ সম্পর্কে তিনি অবহিত ছিলেন।

.............................................................

ব্যাখ্যা: যা কিছু সৃষ্টি হয়েছে আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা তা জানেন। আর যা সৃষ্টি হয়নি তা সৃষ্টি হলে কেমন হতো, তাও তিনি জানেন। আল্লাহ তা‘আলা বলেন,

وَلَوْ رُدُّوا لَعَادُوا لِمَا نُهُوا عَنْهُ

‘‘তাদেরকে যদি আগের জীবনের দিকে ফেরত পাঠানো হয় তাহলে তারা আবার সে আমলই করবে যা করতে তাদেরকে নিষেধ করা হয়েছিল’’। (সূরা আনআম: ২৮)

আল্লাহ তা‘আলা আরো বলেন,

وَلَوْ عَلِمَ اللَّهُ فِيهِمْ خَيْرًا لَّأَسْمَعَهُمْ

‘‘যদি আল্লাহ জানতেন এদের মধ্যে সামান্য পরিমাণ কল্যাণ আছে তাহলে নিশ্চয়ই তিনি তাদেরকে শুনার তাওফীক দিতেন। (সূরা আনফাল: ২৩)

এ আয়াতগুলোর মধ্যে রাফেযী, মুতাযেলা এবং ঐসব লোকের প্রতিবাদ করা হয়েছে, যারা বলে আল্লাহ তা‘আলা সৃষ্টি করা এবং অস্তিত্বে আনয়ন করার পূর্বে কোনো জিনিস সম্পর্কে জানতে পারেন না। এটি তাকদীরের মাস‘আলাসমূহের শাখা বিশেষ। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা সামনে আসবে, ইনশাআল্লাহ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=8896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন